গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. powerdivision.gov.bd

তারিখঃ ২০ নভেম্বর ২০২৫

স্মারক নং ঃ-২৭.০০.০০০০.০৯৬.২২.০০০২.২৫.৪৪৫

# সংশোধিত পরিপত্র

বিষয় ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটার রুফটপ সোলার সিস্টেম স্থাপন প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইতিমধ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারিকৃত নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে ভবনে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নির্দেশনা বাতিলপূর্বক নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের সময় নেট মিটারিং পদ্ধতিতে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

কমপক্ষে ২০ (বিশ) বছর ব্যবহারযোগ্য ভবনের ছাদে ১০০০ বর্গফুট বা তার বেশি জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করা হবে।এক্ষেত্রে ঃ

১.আবাসিক গ্রাহকঃ

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে গ্রাহক আগ্রহী হলে রুফটপ সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০(দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ০৩ (তিন) কিলোওয়াট বা ৩০০০ ওয়াট নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

২। শিল্প ও বানিজ্যিক গ্রাহক ঃ

ছাদে প্রয়োজনীয় জায়গা থাকা সাপেক্ষে ১০ বা তদূর্ধ্ব কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত বিদ্যুৎ গ্রাহকগণের অনুমোদিত লোডের কমপক্ষে ২০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা -২০২৫ অনুসরন করে স্থাপন করতে হবে। তবে অনূর্ধ্ব ১০ কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকগণ আগ্রহী হলে নেট্ মিটারিং নির্দেশিকা-২০২৫ এর অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম বসাতে পারবেন।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠান ঃ

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠান আগ্রহী হলে সোলার সিস্টেম স্থাপন করতে পারবে। এক্ষেত্রে জাতীয় রুফটপ সোলার কর্মসূচী নীতিমালা প্রযোজ্য হতে পারে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০(দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ০৫ (পাচঁ) কিলোওয়াটের বা ৫০০০ ওয়াট নেট মিটারিং সিস্টেম স্থাপন করতে হবে।

ABG Interlinks Ltd.

৪। ইতিমধ্যে বিদ্যুৎ সংযোগের প্রাপ্ত গ্রাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপরে উল্লিখিত হার অনুযায়ী নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ অনুযায়ী সোলার সিস্টমে স্থাপন করতে হবে।

৫। নেট মিটারিং নির্দেশিকা-২০২৫অনুযায়ী গ্রাহক ইচ্ছে করলে অনুমোদিত লোডের ১০০% পর্যন্ত সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

৬। গত ২৩ অক্টোবর ২০২৩ তারিখ ২৭.০০.০০০০.০৯৬.০১৩.২২-১১৯ স্মারক জারিকৃত পরিপত্রটি সংশোধনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

৭। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/১১/২৫
(মোছাঃ ইশরাত জাহান)
সিনিয়র সহকারী সচিব (বিকল্প দায়িত্ব)
নবায়নযোগ্য জ্বালানী -২শাখা
ইমেইলঃ re-2@pd.gov.bd

বিতরনঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠাতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কতৃপক্ষ (স্রেডা), আইইবি ভবন ঢাকা ।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, ঢাকা ।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ (ডেসকো), খিলক্ষেত, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ (নেসকো), বিদ্যুৎ ভবন, রাজশাহী ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। উপদেষ্ঠা মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (উপদেষ্ঠা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত র্কমকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি / জ্বালানি দক্ষতা ও সংরক্ষন) এর ব্যক্তিগত র্কমকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৫। অফিস কপি।

ABG Interlinks Ltd.